

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৮৫.১৪.০৫২.১৭.৭১৫

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৮

৩০ নভেম্বর ২০২১

বিষয়: আমান ইকোনমিক জোনের **Environment Management Plan** প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ঢাকা ওয়াসার স্মারক নং-৪৬.১১৩.৬২০.০০.০০.০৪৯.২০১৬-২০৫৪ তারিখঃ ২১/১১/২০২১খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার বাস্তবায়নাধীন সায়েদাবাদ পানি শোধনাগার প্রকল্প ফেজ-৩ প্রকল্পের উন্নয়ন সহযোগী সংস্থা ৪টি যথাক্রমে-AFD, KfW, EIB এবং DANIDA এর অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের ইনটেক পাম্পিং স্টেশন নারায়নগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলার হাড়িয়া নামক স্থানে অবস্থিত। আলোচ্য প্রকল্পের পানি শোধনাগারের Raw Water মেঘনা নদী হতে নেয়া হবে। ইনটেকের পাশেই আমান ইকোনমিক জোন অবস্থিত। আলোচ্য প্রকল্পের সাথে সম্পর্কিত উন্নয়ন সহযোগী সংস্থাগুলো বিভিন্ন সময়ে নদীসহ ইনটেক সাইট পরিদর্শন করেছেন। মেঘনা নদী দূষণমুক্ত রাখা ও নাব্যতা সঠিক রাখার জন্য স্থানীয় সরকার বিভাগ এর তত্ত্বাবধানে IWM এবং CEGIS এর সহায়তায় মেঘনা নদীর মাস্টার প্ল্যান তৈরী কার্যক্রম চলমান রয়েছে। উন্নয়ন সহযোগীদের চাহিদা অনুযায়ী আমান ইকোনমিক জোনের Environment Management Plan প্রয়োজন মর্মে ঢাকা ওয়াসা জানিয়েছে।

০২। এমতাবস্থায়, ঢাকা ওয়াসার বাস্তবায়নাধীন সায়েদাবাদ পানি শোধনাগার প্রকল্প ফেজ-৩ প্রকল্পের কাজের স্বার্থে উন্নয়ন সহযোগীদের চাহিদার প্রেক্ষিতে আমান ইকোনমিক জোনের Environment Management Plan প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১-১২-২০২১

মোহাম্মদ সাঈদ উর রহমান
উপসচিব

বিতরণ :

- ১) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ
- ২) মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৮৫.১৪.০৫২.১৭.৭১৫/১(৩)

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৮

৩০ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)



১-১২-২০২১

মোহাম্মদ সাঈদ উর রহমান
উপসচিব